অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেট শিক্ষানবিশি মাস হিসেবে ঘোষণা করে ইস্তেহার জারি করলেন

নিউ ইয়র্কের দেশের শীর্ষ শিক্ষানবিশি কর্মসূচিকে উদযাপন করে যেখানে বিভিন্ন দক্ষতার ক্ষেত্রে 17,000-র বেশি নিবন্ধিত শিক্ষানবিশ রয়েছে এবং স্টেটজুড়ে 900-র বেশি কর্মসূচি রয়েছে

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ বিশ্বখ্যাত টিফ্যানি এবং কোম্পানিতে LVMH-র নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচির মার্কিন সূচনার জন্য স্টেটব্যাপী শিক্ষানবিশি ট্যুর শুরু করেছে

ইস্তেহার পড়ুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে এটি ইস্তেহার জারি করেছেন যা নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষানবিশি মাস (New York State Apprenticeship Month) হিসেবে ঘোষণা করে। ইস্তেহারটি নিউ ইয়র্ক স্টেটের শিক্ষানবিশি কর্মসূচিকে উদযাপন করে যা দেশের সর্ববৃহৎগুলির একটি, যেখানে বিভিন্ন দক্ষতার ক্ষেত্রে 17,000-র বেশি নিবন্ধিত শিক্ষানবিশ রয়েছে এবং স্টেটজুড়ে 900-র বেশি কর্মসূচি রয়েছে। নিবন্ধিত শিক্ষানবিশি নিউ ইয়র্কবাসীদের জন্য হাতে কলমে শিক্ষা ও বেশি বেতন ও ভালো ভাতার চাকরির সরাসরি অভিজ্ঞতার মাধ্যমে মানসম্পন্ন ক্যারিয়ার সুযোগের একটি পথ প্রদান করে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) আজকে টিফ্যানি এবং কোম্পানি (Tiffany & Co.) পরিদর্শন করেছে, তাদের প্যারেন্ট কোম্পানি লুই ভিটন মোয়ে হেনেসির (Louis Vuitton Moët Hennessy, LVMH) প্রথম নিউ ইয়র্ক স্টেট নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচির (New York State Registered Apprenticeship program) সূচনা উদযাপন করার জন্য। NYSDOL মাসজুড়ে পুরো স্টেটের অন্যান্য শিক্ষানবিশি কর্মসূচি পরিদর্শন করতে থাকবে।

"শিক্ষানবিশি প্রভাবশালী, ভালো বেতনের ক্যারিয়ারের অতি গুরুত্বপূর্ণ সূচনা হিসেবে কাজ করে, এবং আমরা গর্বিত যে দেশের অন্যতম দৃঢ় ও বলিষ্ঠ শিক্ষানবিশি কর্মসূচিগুলির একটি এখানে, নিউ ইয়র্কে রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক স্টেটের শিক্ষানবিশি মাস উদ্বোধনের সময়, আমরা বহু স্থানীয় ব্যবসাকে উদযাপন করছি যা নিউ ইয়র্কের চাকরিসন্ধানীদের এবং হাজার হাজার শিক্ষানবিশ, শ্রমিক জনগোষ্ঠী এবং বাণিজ্য সংগঠনের জন্য সুযোগ সম্প্রসারণ

করছে যারা অতি গুরুত্বপূর্ণ চাকরিতে নিয়োগ এবং আমাদের স্টেটের প্রতিভার পাইপলাইন গঠনে কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের সর্ববৃহৎ শিক্ষানবিশি কর্মসূচিগুলির একটি রয়েছে। এখানে বর্তমানে 17,113টি নিবন্ধিত শিক্ষানবিশ রয়েছে যারা পুরো নিউ ইয়র্ক স্টেটে 622 স্পন্সর দ্বারা চালিত 912টি কর্মসূচিতে বিভিন্ন দক্ষতার কাজে অংশগ্রহণ করছে। নিউ ইয়র্ক স্টেটের নিবন্ধিত শিক্ষানবিশিতে অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে, শুধু গত বছরেই 79টি নতুন কর্মসূচি ও 15টি নতুন ক্ষেত্র যোগ হয়েছে।

নিবন্ধিত শিক্ষানবিশি বহু দশক ধরে নির্মাণশিল্পের মেরুদণ্ড হয়ে আছে। তবে, সাম্প্রতিক বছরগুলিতে নির্মাণশিল্পের বাইরের কোম্পানিগুলিও এই শিক্ষামূলক পথের মূল্য বুঝতে পেরেছে এবং নিজেদের শিক্ষানবিশি কর্মসূচি শুরু করেছে। নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারার্স অ্যালায়েন্সের (Manufacturers Alliance of New York) মতো সংগঠন এবং টিফ্যানি এবং কোম্পানির মতো কোম্পানি শিক্ষানবিশি কর্মসূচির ভবিষ্যৎ সম্প্রসারণের পথ তৈরি করে দিচ্ছে যা নিউ ইয়র্কবাসীর জন্য নতুন দুয়ার উন্মোচন করবে এবং অতি গুরুত্বপূর্ণ চাকরিতে নিয়োগের জন্য স্টেটের প্রতিভার পাইপলাইন গঠন করবে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "নিবন্ধিত শিক্ষানবিশি নিউ ইয়র্কবাসীদের নিজেদের এবং নিজের পরিবারের সমর্থনের জন্য অর্থ উপার্জন করার এবং একইসাথে সফল হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় দক্ষতা শেখার ক্ষমতা প্রদান করে। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি দীর্ঘদিন ধরে সম্মানিত এই কর্মসূচির উপর আলোকপাত করার জন্য, যা সকল প্রেক্ষাপটের নিউ ইয়র্কবাসীদেরকে একটি নজিরবিহীন সুযোগ প্রদান করছে অর্থনৈতিক স্পেকট্রামজুড়ে চাহিদা আছে এমন ফলপ্রসূ ক্যারিয়ার নিশ্চিত করার জন্য।"

LVMH নর্থ আমেরিকার প্রধান মানব সংস্থান কর্মকর্তা জেনা স্মিথ বলেন, "আমাদের ম্যাটির'ডি এক্সিলেন্স নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচির (Métiers D'Excellence Registered Apprenticeship) মাধ্যমে, LVMH আরো ব্যাপক ব্যাপ্তির মানুষের কাছে কারিগরি ও বিলাসিতার শিল্প উপস্থাপন করতে কাজ করছে এবং একইসাথে আমাদের 75+ বৈশ্বিক বিলাসী ব্র্যান্ডের জন্য বৈচিত্র্যময় ও বলিষ্ঠ প্রতিভার পাইপলাইন গঠন করছে। আমরা নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগকে টিফ্যানি এবং কোম্পানির সাথে তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানাতে চাই, যা মার্কিন যুক্তরাষ্ট্রে গহনা নকশা ও প্রস্তুতে আগামী প্রজন্মের শিল্পকারিগরদের প্রথম কোহর্টকে প্রশিক্ষণ দান করবে।"

টিফ্যানি এবং কোম্পানির বৈশ্বিক প্রধান মানব সংস্থান কর্মকর্তা ম্যারি বেলাই বলেন, "আমরা ম্যাটির'ডি এক্সিলেন্স কর্মসূচি শুরু করতে পেরে আনন্দিত যা আমাদের সম্প্রতি শুরু করা সামাজিক প্রভাবের প্ল্যাটফর্ম টিফ্যানি অ্যাট্রিয়ামের (Tiffany Atrium) অনুবর্তী। ম্যাটির'ডি এক্সিলেন্স উদ্যোগটি আমাদেরকে টিফ্যানি এবং কোম্পানির কর্মীবাহিনীর বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি জোরদার করতে দিবে টিফ্যানি অ্যাট্রিয়ামে আমাদের কেন্দ্রীয় স্তম্ভগুলির একটি ব্যবহার করে - যা হলো শিক্ষা। আমাদের প্রচেষ্টা শিক্ষার্থীদের, ক্যারিয়ারের শুরুতে থাকা পেশাদারদের এবং

যুক্তরাষ্ট্রের শিক্ষা প্রতিষ্ঠানগুলির দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধি ও বিকাশ সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্ক যখন অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো এবং পরিচ্ছন্ন শক্তির প্রকল্পে বিনিয়োগ করে যাচ্ছে, তখন শিক্ষানবিশি এবং প্রাক-শিক্ষানবিশি কর্মসূচিসমূহ ব্যবহারিক, অনসাইট প্রশিক্ষণ প্রদান করবে, ট্রেডসমেন এবং ট্রেডসউইমেনদের একটি উচ্চ দক্ষতার কর্মীবাহিনী বিকাশে মুখ্য ভূমিকা পালন করবে যারা কার্যকরভাবে এই উদ্যোগসমূহকে অগ্রসর করতে পারবে। আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এইসব কর্মসূচির অতি গুরুত্বপূর্ণ ভূমিকার উপর আলোকপাত করতে নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেট শিক্ষানবিশি মাস হিসেবে ঘোষণা করার জন্য। আমরা প্রান্তিক সম্প্রদায়সমূহ এবং বৈচিত্র্যময় প্রেক্ষাপটের নিউ ইয়র্কবাসীকে ভালো বেতনের চাকরি এবং ইউনিয়নকৃত নির্মাণশিল্পে ক্যারিয়ারের মাধ্যমে মধ্যবিত্ত হয়ে উঠার পথ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ আছি এবং এই ব্যক্তিরা নিউ ইয়র্ককে আরো ভালোভাবে পুনর্গঠন করার ক্ষেত্রে কী অবদান রাখে তা দেখার জন্য উন্মুখ।"

সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (The Manufacturers Association of New York, MACNY) ও নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারার্স অ্যালায়েন্সের প্রেসিডেন্ট র‍্যান্ডি উলকেন বলেন, "নিউ ইয়র্কের নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচি পুরো স্টেটে বিস্তৃত হয়ে যাচ্ছে, পরিশ্রমী বাসিন্দাদেরকে সরাসরি কাজের অভিজ্ঞতার মাধ্যমে শেখার পাশাপাশি উপার্জনের সুযোগ দিচ্ছে। MACNY এবং অ্যালায়েন্সের অংশীদারগণ নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত যাতে নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচি প্রদান করা যায় এবং নতুন ও উদীয়মান শিল্পখাতগুলিতে বর্ধমান কর্মীবাহিনীর চাহিদা পূরণ করা যায়। আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেট শিক্ষানবিশি মাস হিসেবে ঘোষণা করার জন্য এবং এইসব চলমান কর্মীবাহিনী উদ্যোগসমূহকে স্বীকৃতি ও সমর্থন দানের জন্য।

NYSDOL নিউ ইয়র্ক স্টেট শিক্ষানবিশি মাস শুরু করেছে মার্কিন যুক্তরাষ্ট্রে টিফ্যানি এবং কোম্পানির সাথে লুই ভিটন মোয়ে হেনেসির প্রথম ম্যাটির'ডি এক্সিলেন্স কর্মসূচির সূচনার জন্য টিফ্যানি এবং কোম্পানি পরিদর্শনের মাধ্যমে। এই নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচিটি ভবিষ্যতের গহনা নির্মাতাদের নকশা এবং খুচরা বিক্রয়ের প্রশিক্ষণ দিবে যার কেন্দ্রীয় উদ্দেশ্য হবে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ থেকে শিল্পী নিয়োগ করা। আটজন শিক্ষানবিশ বর্তমানে উদ্বোধনী কর্মসূচিতে ভর্তি হয়েছে। SUNY-র ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজি (Fashion Institute of Technology, FIT) শিক্ষানবিশদের প্রশিক্ষণে সহায়তা করবে।

টিফ্যানি এবং কোম্পানি পরিদর্শনের পাশাপাশি, NYSDOL স্টেটে ভ্রমণ করবে নিবন্ধিত শিক্ষানবিশি কর্মসূচি দেখার জন্য যার মধ্যে রয়েছে ক্যাপিটাল রিজিয়নের ক্লাসরুম একাডেমি (Classroom Academy), মোহক ভ্যালির নেইল ক্রিক পাব এবং ব্রিউয়ারি (Nail Creek Pub & Brewery), ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাফেলো সিটির দমকল বিভাগ (City of Buffalo Fire Department), সেন্ট্রাল নিউ ইয়র্কের শিটমেটাল ওয়ার্কার লোক্যাল 58 (Sheetmetal Worker Local 58), সাউদার্ন টিয়ারের জেমসটাউন লোক্যাল #106 এর ইলেক্ট্রিশিয়ান JAC (Electricians

JAC), মোহক ভ্যালির গ্লোবাল এভিয়েশন এলএলসি (Global Aviation LLC) এবং আরো অন্যান্য। এই ইভেন্টগুলি NYSDOL-র সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিকে তুলে ধরা হবে।

NYSDOL নিউ ইয়র্ক স্টেটের নতুন নতুন ক্ষেত্রে নিবন্ধিত শিক্ষানবিশি বিস্তৃত করে যাচ্ছে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের (New York State Education Department) সাথে অংশীদারিত্বে, যা কর্মসূচিগুলির নির্দেশনা অংশের তত্ত্বাবধান করে। একটি কর্মসূচি শুরু করতে আগ্রহী ব্যবসাসমূহের উচিত NYSDOL-র শিক্ষানবিশি সংস্থান ওয়েবপেজটি ভিজিট করা।

SUNY-র অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ এফ. স্ট্যানলি বলেন, "নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের এবং আমাদের পুরো স্টেটের ব্যবসাসমূহের সাথে SUNY-র দীর্ঘদিনের অংশীদারিত্বসমূহের ফলে ব্যাপক ব্যাপ্তির শিক্ষানবিশি সুযোগ সৃষ্টি হয় যার সংখ্যা প্রতিবছর বৃদ্ধি পায়। বিখ্যাত টিফ্যানি এবং কোম্পানি, তাদের প্যারেন্ট কোম্পানি ও বৈশ্বিক বিলাসিতার শীর্ষে থাকা LVMH, এবং ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজির মধ্যকার বিশেষ এই সহযোগিতামূলক কাজটি আমাদের দেশে প্রথম এবং এটি এই আট ব্যক্তির জন্য গহনা নকশা ও খুচরা বিক্রয়সেবা ক্ষেত্রে একটি সন্তোষজনক ক্যারিয়ার শুরু করার দারুণ সুযোগ সৃষ্টি করে। আমাদের ধন্যবাদে গভর্নর হোকলের প্রতি শিক্ষানবিশি এবং কর্মক্ষেত্রের বিকাশে তার প্রতিশ্রুতি এবং আমাদের কর্মসূচিসমূহের বিকাশের জন্য প্রয়োজনীয় চলমান নিউ ইয়র্ক স্টেট বিনিয়োগের জন্য।"

ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজির প্রেসিডেন্ট ডাঃ জয়েস ব্রাউন বলেন, "LVMH এবং টিফ্যানি এবং কোম্পানির মতো শীর্ষস্থানীয় কোম্পানিগুলির শিক্ষানবিশি কর্মসূচি শিক্ষা ও শিল্পের মধ্যে একটি পাইপলাইন গঠন করছে যা আমাদের প্রতিভাবান FIT শিক্ষার্থীদের সফল ক্যারিয়ারের জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা ও দক্ষতা বিকাশের একটি পথ প্রদান করছে। শিক্ষানবিশি দীর্ঘদিন ধরেই কর্মীবাহিনী বিকাশের একটি অত্যাবশ্যকীয় অংশ হয়ে আছে এবং হোকল এবং শ্রম বিভাগকে ধন্যবাদ জানাতে চাই এই গুরুত্বপূর্ণ উদ্যোগ উত্থিত করার জন্য যা পুরো NYS-র প্রতিভাবানদের ব্যবসার অ্যাক্সেস প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ. রোজা বলেন, "যখন আমরা আমাদের কাজ ভাগাভাগি করি এবং একে অন্যের থেকে শিক্ষালাভ করি, আমাদের সামগ্রিক ধারণক্ষমতা বিকশিত হয় এবং আমাদের সকল শিক্ষার্থী লাভবান হয়। শিক্ষানবিশি রয়েছে এমন একটি ক্যারিয়ার পথ ব্যক্তিদের ক্যারিয়ার শুরু ও শিক্ষালাভ একই সময়ে করতে দেয়, আকর্ষণীয় ক্যারিয়ারসমূহের জন্য একটি মজবুত ভিত্তি প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেটের রিজেন্ট বোর্ডের (New York State Board of Regents) চ্যান্সেলর লিস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন, "আমাদের জন্য একটি ক্রমবর্ধমান প্রতিযোগিতামূলক বৈশ্বিক পরিবেশে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সুযোগ, জ্ঞান, এবং দক্ষতা প্রদান করতে পারা অতি গুরুত্বপূর্ণ। শিক্ষানবিশি চাকরিতে থেকে প্রশিক্ষণ, সেই সাথে সম্পর্কিত শ্রেণীকক্ষের শিক্ষা প্রদান করে যা শিক্ষার্থীদের জন্য সেইসব দুয়ার উন্মুক্ত করতে পারে যা পূর্বে তালাবদ্ধ ছিলো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418